# 145122 - অমুসলমি পতিামাতা মদ পানকালে মুসলমি মেয়েরে তাদরে সাথে বসে থাকার বধিান

প্রশ্ন

প্রশ্ন: আমি একজন মুসলমি নারী। আমি আমার অমুসলমি পতিামাতার সাথে বসবাস করি। যখন আমি ইসলাম গ্রহণ করছেি তখন আমাদরে সম্পর্ক চরম চাপরে মুখে পড়ছেলি। ইসলাম গ্রহণ করার কারণে তারা আমার সাথে দুর্ব্যবহার করতনে। সময়রে সাথে সাথে তারা আগরে চয়েে বশেি মনেে নচ্ছিনে। আল্লাহ্ তাআলা আমার প্রতি ও ইসলামরে প্রতি তাদরে দু'জনরে হৃদয়কে কোমল করে দয়িছেনে। এখন তারা আমার বষিয়গুলো গুরুত্ব দয়িে দখেনে, তারা হালাল খাবার খান ইত্যাদি। তবে, রাতরে খাবারে আমার বাবা-মা মদ পান করনে এবং সবসময় তারা আমাকে সাথে নয়িে বসনে। কারণ একসাথে খাবার গ্রহণরে অভ্যাসটি আমাদরে বাসায় মনেে চলা হয়। আমার বাবা-মা জাননে যে, আমি মদ পছন্দ করি না। আমি সবসময় তাদরেকে সে বষিয়টি জানয়িে থাকি। কন্তিু, তাদরে বাসায় থকেে তাদরেকে মদ পান থকেে বরিত রাখতে পারছি না। আমার বাবা স্পষ্টভাবে তা জানয়িে দয়িছেনে।
এমতাবস্থায়, আমি কি তাদরে সাথে উঠাবসা বর্জন করব? আমি জানি যে, এ ধরণরে সদ্ধিান্ত তাদরে সাথে আমার সম্পর্ককে পুনরায় হুমকরি মুখে ফলেবে। যদি আমি তাদরে সাথে উঠাবসা না করি তাহলে তারা কষ্ট পাবে। আপনারা কি এ বষিয়ে আমাকে পরামর্শ দতিে পারনে?

প্রিয় উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

আমরা আল্লাহ্র প্রশংসা করছি, যনিি আপনাকে ইসলামরে দশিা দয়িছেনে। আমরা আল্লাহ্র কাছে প্রার্থনা করছি, তনিি যনে আপনাকে ইসলামরে উপর অবচিল রাখনে, আপনাকে তাওফকি দনে এবং আপনার পতিামাতা ও প্রয়িজনকওে হদোয়তে দান করনে। আপনার উচতি হবে, আপনার পতিামাতাকে ইসলামরে দাওয়াত দয়োর ব্যাপারে সচষ্টে থাকা। তাদরে সাথে সদ্ব্যবহার ও সদাচরণ করার ব্যাপারে সচতেন থাকা; যভোবে আমাদরে মহান ধর্ম আমাদরেকে নর্দিশে দয়িে থাকে।

দুই:

এমন কোনে খাবার টবেলিে বসা নাজায়যে; যে টবেলিে মদ পরবিশেন করা হয়। ইমাম আহমাদ ও তরিমযিি (২৮০১) জাবরে (রাঃ) থকেে বর্ণনা করনে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: "যে ব্যক্তি আল্লাহ্র প্রতি ও পরকালে ঈমান রাখে

সে যেনে এমন কোনো দস্তরখানে না বসে যেখানে মদ পরিবেশন করা হয়।" ইবনে হাজার ফাতহুল বারী গ্রন্থে এ হাদিসটিকে 'নাসাঈ' এর দিকে সম্বন্ধিত করেছেন এবং সনদটিকে 'হাসান' বলেছেন। আলবানী 'ইরওয়াউল গালিল' (৬/৭) গ্রন্থে হাদিসটিকে 'সহিহ' আখ্যায়িত করেছেন।

কারণ মদ খাওয়া মহা অন্যায়, কবিরা গুনাহ; এমন অন্যায় কাজ করা ও এতে সম্মতি দেয়া নাজায়েয।

মুমিন ব্যক্তি হাত দিয়ে অন্যায়ের প্রতিবাদ করতে আদিষ্ট; হাত দিয়ে না পারলে মুখ দিয়ে; মুখ দিয়ে না পারলে অন্তর দিয়ে; তবে সে ক্ষেত্রে সম্ভব হলে অন্যায় সংঘটনের স্থান থেকে দূরে চলে যাওয়া আবশ্যক।

আরও জানতে দেখুন 145587 নং ও 94936 নং প্রশ্নোত্তর।

যে দস্তরখানে মদ পান করা হয় সে দস্তরখানে না-বসা এটাই হচ্ছে মূল বিধান। তাই আপনার পিতামাতা যদি খাবারের শেষে মদ পান করে সেক্ষেত্রে আপনি তাদের সাথে খাওয়া-দাওয়া করে তাদের মদ পানের আগে সেখান থেকে উঠে যাবেন। আর যদি তারা খাবারের মাঝে মাঝে মদ পান করে সেক্ষেত্রে আপনি তাদের সাথে না-বসলে যদি বড় কোন সমস্যার আশংকা না থাকে তাহলে সেটা করুন এবং তাদেরকে জানিয়ে দিন যে, আপনার ধর্ম মদের আসরে বসা থেকে বারণ করে।

আর আপনি যদি বড় কোন সমস্যার আশংকা করেন যেমন আপনাকে বাড়ি থেকে বের করে দেওয়া, ইসলাম গ্রহণের প্রাথমিক আলামত দেখা যাওয়ার পর আপনার কথায় পাত্তা না দেয়া (নিছক তাদের জন্য পীড়াদায়ক হওয়া এমন সমস্যার কারণে নয়) তাহলে অন্তরের ঘৃণার সাথে তাদের সাথে বসা আপনার জন্য জায়েয হবে।

আপনার উচিত তাদের কাছে মদের অপকারিতা ও ক্ষতিকর দিক এবং যেসব কারণে মদ হারাম হওয়া যথাযথ সেসব বিষয় তাদের কাছে তুলে ধরা। দেখুন 40882 নং প্রশ্নোত্তর।

আমরা আল্লাহ্‌র কাছে আমাদের জন্য ও আপনার জন্য তাওফিক প্রার্থনা করছি।

আল্লাহ্‌ই ভাল জানেন।